৩৫৫

দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR. 1 0 1999 ... ...
পৃঃ ১ কলাম ৪

# কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নির্বাচনে সোনালী দল জয়ী

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির বার্ষিক নির্বাচনে ১১টি পদের (২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## কৃষি বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃষ্ঠার পর)

মধ্যে ৮টি পদে বিএনপি, জামায়াত, জাতীয় পার্টি সমর্থিত সোনালী দল বিজয়ী হইয়াছে। বাকী ৩টি পদে অর্থাৎ সহ-সভাপতি ও ২টি সদস্য পদে আওয়ামী লীগ ও বাম গণতান্ত্রিক দলসমূহ সমর্থিত গণতান্ত্রিক শিক্ষক ফোরাম জয়লাভ করিয়াছে। গত সোমবার সকাল ১০টা হইতে বিকাল ৫টা পর্যন্ত ভোট গ্রহণ হয় এবং রাত ১২টায় ফলাফল প্রকাশ করা হয়। ৩৪৬ জন ভোটারের মধ্যে ৩৩১ জন ভোট প্রদান করেন। সাধারণ সম্পাদক মাত্র এক ভোটের ব্যবধানে জয়লাভ করেন। সোনালী দলের সদস্য ডঃ খন্দকার সিরাজুল ইসলাম ও ডঃ মোঃ দৌলত হোসেন সমান ভোট পাওয়ায় লটারীর মাধ্যমে ডঃ খন্দকার সিরাজুল ইসলামকে নির্বাচিত করা হয়। ১১টি পদে ২টি প্যানেলে মোট ২২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করিয়াছেন। নির্বাচিত কর্মকর্তারা হইতেছেন সভাপতিঃ প্রফেসর মঈনউদ্দিন আহমদ (উদ্ভিদ রোগতত্ত্ব), সহ-সভাপতিঃ প্রফেসর ডঃ সুলতান উদ্দিন ভূঁইয়া (কৃষিতত্ত্ব; ফোরাম), সাধারণ সম্পাদকঃ প্রফেসর ডঃ মোঃ ইদ্রিস মিয়া (ফিশারিজ ম্যানেজম্যান্ট), কোষাধ্যক্ষঃ প্রফেসর ডঃ মোঃ জহির উদ্দিন (মৃত্তিকা বিজ্ঞান), যুগ্ম-সম্পাদকঃ সহকারী প্রফেসর মোঃ হারুন-অর-রশিদ (কৃষি অর্থনীতি), সদস্যঃ সহযোগী প্রফেসর ডঃ খন্দকার শরিফুল ইসলাম (কীটতত্ত্ব), প্রফেসর ডঃ মোঃ মনসুরুল আমিন (স্বাস্থ্য ও জীবাণুবিদ্যা; ফোরাম), প্রফেসর ডঃ খন্দকার সিরাজুল ইসলাম (মেডিসিন), প্রফেসর ডঃ মোঃ বাহাদুর মিয়া (উদ্ভিদ রোগতত্ত্ব), প্রফেসর ডঃ মোঃ নূরুল ইসলাম (ডেয়রী বিজ্ঞান) ও সহযোগী প্রফেসর ডঃ মোহাম্মদ সামসুদ্দিন (সার্জারী; ফোরাম)।